104359 D-05452

10000 रु. Rs.10000

दस हजार रुपये — RUPEES TEN THOUSAND

भारत INDIA

INDIA NON JUDICIAL

01AA 578167

8 JUN 2001

।। মং ২,২২,০০০, দুই লক্ষ বাইশ হাজার টাকা মূল্যের স্থাবর ।।

সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা দলিল

\---------------------------------------------

ক্রেতা ::——

শ্রীমতি তনিমা ভৌমিক, স্বামী - শ্রী শেখর ভৌমিক, সাং - ডি - সি - ৭, পশ্চিম নারায়ণতলা, থানা - রাজারহাট, কলকাতা - ৭০০০৫৯, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী ।।

বিক্রেতা ::——

১। শ্রী দিলীপ কুমার পাল, পিতা - স্বর্গীয় তারকনাথ পাল, ২। শ্রীমতি গায়ত্রী পাল, স্বামী - শ্রী দিলীপ কুমার পাল, উভয়ের সাং - ১৮ সোনাবাজার স্ট্রীট, থানা - জোড়াবাগান কলকাতা - ৭০০০০৭, জাতি - হিন্দু, পেশা - যথাক্রমে চাকুরী ও গৃহস্থালী ।। বর্তমান নিবাস ১১৬৫২ ট্রাভেলপয়েন্ট ড্রাইভ, হাউস্টন, টেক্সাস - ৭৭০৭৭, ইউ.এস.এ ।।

উঃ.......

No. 5850

Sold to Mr. ... Bhowmik

of ... (N)

Calcutta Collectorate,
Treasury

Date 26.5.2001 Treasurer

11000
1000
100

11100 1-00

Addl. District Sub-Registry
Bidhannagar (Salt Lake City)
– 8 JUN 2001

5612

Alik Kr. Pal.
S/o Late Tarak Nath Pal.
of Dasadrone
P.O. Rajarhat
Dt. 24 Pgs
As constituted attorney Alik Kr. Pal & Gayatri Pal is admitted by identification of
Shyamal Mondal
S/o Satendra Nath Mondal
of Dasadrone
P.O. Rajarhat
Dist. 24 Pgs

Addl. District Sub-Registry
Bidhannagar (Salt Lake City)
– 8 JUN 2001

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

:: ২ ::

উক্ত দাতাদ্বয় পক্ষে ইংরাজী ০১।০১।২০০১ তারিখে কলিকাতা এ্যাসুরেন্স রেজিষ্ট্রী অফিসের ৪ নং বহির ১ নং ভল্যুমের ১০১ — ১০৬ পাতায় নকলকৃত ১৮ নং রেজিষ্ট্রীযুক্ত আমমোক্তার বলে নিযুক্তীয় মোক্তার শ্রী আশীষ কুমার পাল, পিতা - স্বর্গীয় তারক নাথ পাল, সাং - দক্ষিণগ্রাম, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতি - হিন্দু, পেশা - চাকুরী ।।

কথা সম্পূর্ণ নিজায় নির্মোহ ও সুস্থাবস্থায় স্বাভাব সম্মতি বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ::——

চলে.....

পাতা.....

100Rs.




:: ৩ ::

জেলা - উত্তর ২৪ পরগনা, থানা - রাজারহাট, অতিরিক্ত জেলা সাবরেজিষ্ট্রী অফিস বিধাননগর সাধীন কলিকাতা পরগণার অন্তর্গত রাজারহাট - গোপালপুর পৌরসভার ৪ নং ওয়ার্ড এলাকাধিন মৌজা দশদ্রোণ গ্রামে ২১১৮ নং তৌজির হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট হাল ৬ নং খতিয়ান উক্ত জমির একটি বার্ষিক ২, টাকা ৬ আনা জমার অন্তর্গত যাহা জনৈক রাধাকৃষ্ণ রায়, মদন কৃষ্ণ রায় ও নীলমনি রায় দিগের পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত খাস স্বত্ব ভোগদখলিয় সম্পত্তি থাকিতে পর তাঁহারা উক্ত জমাজমি মধ্যে হাল ২০৪ নং দাগের ১৫ শতক ডাঙ্গা জমি সহ অপরাপর সম্পত্তি বিগত ইংরাজী ৫।১২।১৯০০ তারিখে কাশীপুর দমদম সাব -

রেজিষ্ট্রী.....

রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১২৮ নং ভলুমের ১৯২ — ১৯৪ পাতায় নকলকৃত ৯২৭০ নং একক্রেতা কোবালা এবং ঐ তারিখে ঐ অফিসের ১ নং বহির ১২০ নং ভলুমের ২১৪ — ২১৮ পাতায় নকলকৃত ৯২৮২ নং অপর কোবালা এবং ১২।৬।১৯৫৬ তারিখে ঐ অফিসের ১ নং বহির ৮৭ নং ভলুমের ২৬ — ৩০ পাতায় নকলকৃত ৫৪৮২ নং কোবালা অর্থাৎ তিনক্রেতা ভিন্ন ভিন্ন কোবালা দ্বারা অত্র দলিলের দাতা আমাদের বাবা অজিত মাইতি মহাশয়ের পিতা মানিক চন্দ্র মাইতি মহাশয়কে পূর্বোক্ত রাধাকৃষ্ণ রায় দিগর বিক্রয় করিয়া নি:স্বত্ত্ব হয়েন ও খাস দখল দিয়া দিলে মানিক চন্দ্র মাইতি মহাশয় খরিদ সূত্রে উক্ত সম্পত্তির মালিক দখলিকার হইয়া যথারীতি করাদি আদায়ে বাসে ভোগদখল করিতে থাকাবস্থায় তদিয় পুত্র উক্ত অজিত মাইতি, রতন মাইতি, অধীর মাইতি, রঞ্জিত মাইতি, ধীরেন্দ্র নাথ মাইতি, অনিল মাইতি এবং একমাত্র মৃত পুত্র সকুল চন্দ্র মাইতির ওয়ারেশ দিলীপ মাইতিকে পৌত্র হিসাবে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া পরলোক গমন করিলে পর অজিত মাইতি দিগর তৎত্যাক্ত উক্ত সম্পত্তি সমূহ পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রত্যেকে ১।৭ অংশরূপে প্রাপ্ত হইয়া বর্তমান এল. আর. খতিয়ানে ৫।১, ১৯৫।১, ১৯৮।১, ৩৫৪।১, ৩৬৬।১, ৯।১, ৪।২, ২।৩, ৬, ৬।২।৪৮, ৯৮।২, ৯৮।৩ ও ৪৮।১ নং খতিয়ানে রেকর্ড লিপিবদ্ধ করাইয়া বাসে করাদি আদায়ে এজমালে ভোগদখল করিতে থাকা - কালীন পরস্পরের ভোগদখলের সুবিধার্থে সকল শরিক পক্ষগন একমতাবলম্বী হইয়া একযোগে একখন্ড নকশানুসারে চিহ্নিত মত উক্ত এজমালি সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি সমূহ গত ইংরাজী ১৩।৯।১৯৮৫ তারিখে বারাসাত জেলা সদর রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৪৫ নং ভলুমের ২৭৮ — ২৯১ নং পাতায় নকলকৃত ৩৯১৮ নং রেজিষ্ট্রীযুক্ত বন্টন নামা দলিল দ্বারা আপোসে বিভাগ বন্টন করিয়া লয়েন। সেমতে বিভাগ বন্টন কালিন " ঐ " লট ভুক্ত দাগ ২৩৪ নং দাগের অন্তর্গত ৬ কাঠা ৭ ছটাক ১১' স্কোয়ার ফুট জমি সহ অপরাপর সম্পত্তি অত্র দলিল দাতা আমাদের বাবা পূর্বোক্ত অজিত মাইতি মহাশয় এককভাবে প্রাপ্ত

আর্থ.....

:: ৫ ::

অন্য রকমে প্রাপ্ত হইয়া বাসে চিহ্নিত মত ভোগদখল করিতে থাকাকালিন উক্ত জমি হইতে একখন্ড নকসানুসারে চিহ্নিত মত '' এ '' প্ল্যান প্লট উক্ত ২ দুই কাঠা জমি গত ইংরাজী ৭।৬।১৯৯১ তারিখে বিধাননগর অতিরিক্ত জেলা সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৮৪ নং ভল্যুমের ২০৩ — ২১০ নং পাতায় নকলকৃত ৪৬২৭ নং কোবালা দ্বারা অত্র দলিলের ১ নং দাতা আমাকে এবং তৎসংলগ্ন '' বি '' প্ল্যান প্লট অন্তর্গত ২ দুই কাঠা ৭ সাত ছটাক জমি ইংরাজী ৭।৮।১৯৯১ তারিখে ঐ অফিসের ১ নং বহির ১২৭ নং ভল্যুমের ২১৫ — ২২১ পাতায় নকলকৃত ৭০২৭ নং কোবালা দ্বারা অত্র দলিলের ২ নং দাতা আমাকে অর্থাৎ দুইটি পৃথক পৃথক কোবালা মূলে মোট একুনে ৪ চারি কাঠা ৭ সাত ছটাক কমবেশী জমি সহ যাবতীয় ইজমেন্ট অধিকার সমেত দলিল দাতা আমাদ্বয়কে উক্ত বাবু অজিত মাইতি মহাশয় বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন ও খাসদখল দিয়া দিলে দলিল দাতা দ্বয় আমরা খরিদ সূত্রে উক্ত সম্পত্তির চিহ্নিত মত মালিক দখলিকার হইয়া যথারীতি খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া এযাবৎকাল বাসে ভোগবান ও মালিক দখলিকার নিযুক্ত আছি এবং যাহাতে আমাদের সর্ব্বপ্রকার হস্তান্তর করনের উত্তম নির্ব্যূঢ় স্বত্বাধিকার বর্তমান আছে ।।

প্রকাশ থাকে উক্ত ১৯৯১ সালের ৪৬২৭ নং কোবালা দলিলে প্রথিত নকসায় অসতর্কতা হেতু ভ্রম প্রকাশ পাওয়ায় তাহা সংশোধনার্থে ইংরাজী ৭।৮।১৯৯১ তারিখে ঐ অফিসের ১ নং বহির ১২৭ ভল্যুমের ১৩১ — ১৩৬ পাতায় নকলকৃত ৭০১৮ নং ভ্রম সংশোধন পত্র দ্বারা ১ নং দাতার অনুকূলে পূর্বোক্ত দাতা অজিত মাইতি মহাশয় যথারীতি সংশোধন করিয়া দেন ।।

এক্ষণে আমাদের নানাবিধ কারণে নগদ টাকার আবশ্যক ও চাকুরী সূত্রে বিদেশ থাকার হেতু উক্ত তত্ত্বাবধানের অসুবিধা হওয়ায় উক্ত সম্পত্তি বিক্রয়ের ঘোষণা করিলে
আপনি উক্ত অবস্থা হইতে আপনার নিজ উচিত অর্থে খরিদ
করিবার প্রস্তাব করায়, আমরা তাহাতে সম্মত হইয়া নিম্ন লিখিত ও তপসিল নকসায় দর্শিত

পরে.......

:: ৬ ::

লাল রেখা দ্বারা সীমাবদ্ধ কমবেশ ৩ চারি কাঠা ৫ সাত ছটাক জমি সহ যাবতীয় ইজমেন্ট রাইট আকর আওলাতাদি সমেত এক্ষণকার বাজার মূল্য মং ২,২২,০০০, দুই লক্ষ বাইশ হাজার টাকা পণে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় অত্র স্বত্ব কোবালা দলিল দ্বারা আপনাকে বিক্রয় করিয়া একবারিন চিরনি :স্বত্ব হইলাম এবং অদ্য হইতে উহাতে আপনাকে খাস দখল দিয়া দিলাম । আপনি অদ্য হইতে বিক্রীত উক্ত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্ব স্বত্ববান ভোগবান দখলিকার ও দান বিক্রয়াদির স্বত্বাধিকারী হইয়া স্থানীয় পৌরসভা, কালেকটারী, সেটেলমেন্ট ইত্যাদি অফিস সমূহে আমাদের নামের স্থলে আপনার নাম জারী পূর্বক করাদি আদায়ে যদৃচ্ছা ব্যবহারে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । কস্মিনকালে বিক্রীত উক্ত সম্পত্তির উপর আমরা বা আমাদের পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কোন প্রকার দাবি দাওয়া ওজরাপত্তি করি বা করে তাহা সর্বত্র সর্বতোভাবে সমুদয় আদালতে বাতিল ও নামঞ্জুর হইবে । বিক্রীত উক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, সত্ত্ব, লভ্য ও হক হকিয়ত ছিল বা আছে তৎসমস্ত অদ্য হইতে সম্পূর্ণরূপে রহিত হইয়া এই দলিলের বলে আপনাতে বর্তিল ।।

যদ্যাপি বিক্রীত উক্ত সম্পত্তিতে কোন প্রকার হস্তান্তরাদি বা দায় সংশ্রবাদি প্রকাশ পাইয়া বা কোন প্রকার কৃত কার্যের দোষে বা প্রকৃত অবস্থা গোপন করা হেতু বা কোন শরিক - অংশীদার, ভাড়াটিয়া, লিজ হোল্ডার, এ্যাকুইজিশান - রিকুইজিশান বা ভেস্টেড বাহির হইয়া বা আমাদের কোন প্রকার স্বত্ব দখলের দোষে আপনার খরিদা স্বত্ব দখলের কোন প্রকার ক্ষতি হয় তাহা হইলে প্রচলিত আইন আমরা জামিন এবং তদ্দ্বারা আপনার যাবতীয় ক্ষতি সহ খরচাদি সমেত পূরণ করিতে বাধ্য রহিলাম ।।

ভবিষ্যতে.....

:: ৭ ::

ভবিষ্যতে অত্র দলিলের স্বত্ব শুদ্ধতা রক্ষার্থে যেকোন প্রকারের সংশোধনী অথবা পরিপূরক দলিল সম্পাদন করিয়া দিতে বা করাইয়া দিতে বা আপনার নাম জারী করণের জন্য সর্বপ্রকার সহায়তা করিতে সম্মত থাকিলাম ।।

দলিলার্থে আমাদের নামীয় খরিদা দলিল ও পাওয়ার ও অন্যান্য কাগজপত্রাদি আপনাকে দিয়া দিলাম ।।

অত্র দলিল সংলগ্ন মুদ্রিত নকশা এই দলিলের একাংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইবে ।।

এতদর্থে আপনাদের খুশীতে সুস্থ শরীরে স্বেচ্ছায় সুজ্ঞানে দলিলের লিখিত বিবরণ সমূহ অবগত হইয়া ও পণের লিখিত টাকা নিম্ন আয়মত অধ্যানুসারে বুঝিয়া পাইয়া অত্র সাফ কোবালা পত্র যথারীতি সহি সম্পাদন করিলাম । ইতি সন বাংলা ১৪০৮ সালের ২৫শে জ্যৈষ্ঠ — ইংরাজী ২০০১ সালের ৮ই জুন

।। তপশীল বিক্রীত সম্পত্তি ।।

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, অতিরিক্ত জেলা সাবরেজিষ্ট্রী অফিস বিধাননগর সামিল কলিকাতা পরগণার অন্তর্গত রাজারহাট - গোপালপুর পৌরসভার ৪ নং ওয়ার্ড এলাকাধিন ২৪৮১ এবং ২৪৮২ নং হোল্ডিং স্থিত মৌজা দশদ্রোণ গ্রামে জে. এল. নং ৩, রে. সা. নং - ১৫০, তৌজি ২১১৮ নং তৎ হাল মালিক জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট হাল ৬ নং খতিয়ান তৎ জমির একটি বার্ষিক ২, টাকা ৬ আনা জমা হইতে আগত এল. আর. ৪।১, ১১৩।১, ১৭৮।১, ৩৩৪।১, ৩৬৬।১, ১।১, ৪।২, ২।৩, ৬, ৬।২, ৪৮, ১৮।২, ১৮।৩ ও ৪৮।১ নং খতিয়ান অন্তর্গত ——

হাল....


PLAN PART OF R.S DAG
234 KHATIAN NO 6
OUZA - DASADRON J.L NO 4
RAJARHAT DIST (N) 24 PARGANAS
SCALE 10 O = 1 INCH
AREA
SOLD TO - TANIMA BHOWMICK 4K-07CH
SOLD BY - DILIP PAUL PL(A) 2K-00CH
GAYATRI PAUL PL(B) 2K-07CH
WIDE ROAD
WIDE ROAD
A
B
R.S. DAG NO 234 (POR)
65-9"
DRAWN BY MANDAL

:: ৮ ::

হাল ২৩৪ দুইশত চৌত্রিশ নং দাগস্থিত উক্ত ১০ শতক জমির মধ্যে বন্টন নামা অনুসারে আমাদের বখরায় প্রাপ্ত ৬ কাঠা ৭ ছটাক ১১ ' বর্গফুট চিহ্নিত সম্পত্তি হইতে আমাদের খরিদা অত্র সহায় নকসায় লাল রেখা দ্বারা সীমাঙ্কিত নির্দিষ্ট চিহ্নিত যথাক্রমে '' এ '' এবং '' বি '' উভয় প্লট তৎ একুনে মোট ৪ চারি কাঠা ৭ সাত ছটাক কমবেশী জমি মায় যাবতীয় ঈজমেন্ট রাইট আদর আওলাতাদি চলাচলের রাস্তার সর্ব্বপ্রকার বর্ত্তস্বত্বাদি সমেত বার্ষিক হারাহারি মত .২২ পয়সা খাজনা উহাই অত্র দলিল বিক্রীত সম্পত্তি হইতেছে ।।

।। মায় চৌহদ্দি ।।

উত্তরে :-- পৌরসভার রাস্তা।
দক্ষিণে :-- হাল ২৩৪ নং দাগের ইতিপূর্বেকার বিক্রীত অংশ।
পূর্বে :-- হাল ২৩৪ নং দাগের অংশ।
পশ্চিমে :-- পৌরসভার রাস্তা।

।। টাকার দায় ।।

২০০/- টাকা হিসাবে ১১০০ স্কোয়ার ফুটে ২,২০,০০০/-
কথায়: দুই লক্ষ কুড়ি হাজার টাকা এবং
৫০/- টাকা হিসাবে ৪০ স্কোয়ার ফুটে — ২,০০০/-
কথায়: দুই হাজার টাকা —
মোট ২,২২,০০০/-
কথায়: মোট দুই লক্ষ বাইশ হাজার টাকা মাত্র [illegible]
[illegible] বুঝিয়া পাইলাম।

ইসাদি :--

মুসাবিদাকারক :-- অশোক কুমার পাল
[illegible]

টাইপকারক :--
উদয় সাহা
উদয় সাহা,
বিধাননগর সাবরেজিষ্ট্রী অফিস ।।

8 JUN 20